[Bengali]

Peel District School Board

STUDENT CENSUS
Count Me In Peel

অক্টোবর2018 ,

4র্থ থেকে 12শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের প্রিয় বাবা-মা/অভিভাবকগণ,

-Peel District School Boardএ আমরা সবচেয়ে ভাল শিক্ষার পরিবেশ প্রদান করার ব্যাপারে পুরোপুরিভাবে প্রতিবদ্ধ , যাতে *প্রতিটি* শিক্ষার্থীই তাদের ব্যক্তিগত উৎকর্ষের শীর্ষে পৌঁছাতে পারে। সেটা করার জন্য ,আমাদেরকে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের চাহিদাগুলিকে প্রকৃত অর্থে বুঝতে হবে। এই কাজে আমাদের সাহায্যের জন্য ,আমরা নিতান্ত উৎসাহের সঙ্গে ঘোষণা করছি যে ,আগামী মাসে আমরা প্রথম *শিক্ষার্থী-শুমারি* শুরু করব।

19থেকে 30নভেম্বর 2018 ,তারিখ পর্যন্ত 4র্থ থেকে 12তম শ্রেণি পর্যন্ত সমস্ত শিক্ষার্থীদেরকে তাদের শ্রেণিকক্ষে বসে *শিক্ষার্থী-শুমারি* সম্পূর্ণ করার জন্য আহ্বান করা হবে। এই প্রশ্নমালাটি পূরণ করতে মোটামুটি একটি ক্লাসের জন্য যতটা সময় প্রয়োজন হয় ততটাই প্রয়োজন হবে ,এবং এর মধ্যে সেই সমস্ত প্রশ্ন অন্তর্ভুক্ত থাকবে যেগুলিতে শিক্ষার্থীদেরকে তাদের বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে তাদের নিজেদের এবং তাদের অভিজ্ঞতাগুলি সম্পর্কে জানতে চাওয়া হবে। কিন্ডারগার্টেন থেকে 3য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বাবা-মা/আভিভাবকগণ একটি প্রশ্নপত্রপাবেন যা তাঁদেরকে তাঁদের শিশুর)দের (জন্য পূরণ করতে হবে।

এই শুমারি থেকে প্রাপ্ত তথ্যগুলি আমাদের বোর্ড এবং আমাদের বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত বিষয়গুলিতে সাহায্য করবে:

- শিক্ষার্থী-সংখ্যা ও বিদ্যালয় জনসমাজ সম্পর্কে আরো ভালোভাবে জানতে
- শিক্ষার্থীদের সাফল্য ,অন্তর্ভুক্তি ও কল্যাণ ইত্যাদির অন্তরায়গুলিকে চিহ্নিত ও নির্মূল করতে
- কার্যকরী কর্মসূচি প্রতিষ্ঠিত করতে এবং সংস্থানসমূহকে সেই সেই স্থানে পুনঃবন্টিত করতে যেখানে সেগুলি সবচেয়ে বেশি করে জরুরি

এই *শিক্ষার্থী-শুমারি* গোপনীয় ,কিন্তু বেনামী নয়। সংগৃহীত সমস্ত উত্তরগুলিকে একটি নিরাপদ ,গোপনীয় ডেটাবেসে সংরক্ষিত রাখা হবে এবং সেগুলিকে শুধু অনুমোদিত গবেষণাকর্মীরাই ব্যবহার করতে পারবেন যাঁরা -Peelএর শিক্ষার্থীদের প্রবণতাগুলিকে চিহ্নিত ও সংক্ষেপিত করবেন। শিক্ষার্থীদের প্রশ্নপত্রগুলিকে আলাদা-আলাদাভাবে বিশ্লেষণ করা হবে না। শিক্ষার্থীদের সম্পর্কে তথ্য সংগ্রহ করার ব্যাপারে Peelবোর্ড সর্বোচ্চ স্তরের গোপনীয়তা ও বিশ্বস্ততা রক্ষা করায় বদ্ধপরিকর এবং তারা তথ্যের স্বাধীনতা ও গোপনায়ীতা রক্ষা সংক্রান্ত পৌরনিগম আইন বা মিউনিসিপ্যাল ফ্রিডম অব ইনফর্মেশন অ্যান্ড প্রোটেকশন অব প্রাইভিসি অ্যাক্ট -(MFIPPA)এ বর্ণিত গোপনীয়তা বিষয় সমস্ত রকমের আবশ্যকতাগুলিকে মেনে চলবে। শিক্ষার্থী-শুমারির-র মাধ্যমে নেওয়া তথ্যগুলি শিক্ষা আইন বা এজুকেশন অ্যাক্ট-এর আওতায় সংগৃহীত, R.S.O. 1990, c. E. 2) সংশোধিত-(এর আইনি অধিকারের অধীনে সংগ্রহ করা হবে ,যা শুধু শিক্ষা ও গবেষণার কাজেই ব্যবহৃত হবে।

এটি জরুরি যে ,*শিক্ষার্থী-শুমারি*-তে যেন *সমস্ত* শিক্ষার্থীর বক্তব্য প্রতিফলিত হয়—আমরা যত বেশি উত্তর পাবো , বিদ্যালয়গুলির উন্নতিতে ও কর্মসূচি পরিকল্পনার ক্ষেত্রে তথ্যগুলি ততই বেশি সমৃদ্ধশালী ও নির্ভরযোগ্য হবে। আপনি যদি সিদ্ধান্ত নেন যে ,আপনার শিশুকে *শিক্ষার্থী-শুমারি*-তে অংশগ্রহণ করতে দেবেন না ,তাহলে দয়া করে নিচে দেওয়া ফর্মটি পূরণ করুন এবং 14ই নভেম্বর 2018 ,তারিখের আগে আপনার শিশুর বিদ্যালয়ে জমা করুন।

আপনার যদি কোন প্রশ্ন থাকে ,তাহলে দয়া করে এই চিঠির পিছনের দিকে থাকা তথ্য-পত্রটিকে ভালো করে পর্যালোচনা করুন। এছাড়াও আপনি www.peelschools.org/studentcensus দেখতে পারেন অথবা Peelবোর্ডের গবেষণা ও দায়বদ্ধতা বিভাগের 905-890-1010 বিস্তার 3523নম্বরে অথবা studentcensus@peelsb.com ইমেইলে যোগাযোগ করতে পারেন।

প্রতিবারের মতোই ,প্রতিটি শিক্ষার্থীদের সাফল্য ,আত্মবিশ্বাস ও আশাকে অনুপ্রাণিত করার আমাদের কাজে আপনাদের নিরন্তর সহায়তা দানের জন্য আমরা আপনাদের ধন্যবাদ জানাই।

পিটার জসুয়া
শিক্ষা পরিচালক

এই অংশটি একমাত্র তখনই পূরণ করবেন যখন আপনি আপনার শিশুকে *শিক্ষার্থী-শুমারি*-তে অংশগ্রহণ করতে দিতে চাইবেন <u>না</u>।দয়া করে এই অংশটি ছিঁড়ে নিয়ে <u>14ই নভেম্বর 2018 ,তারিখের মধ্যে</u> আপনার শিশুর বিদ্যালয়ে জমা করুন।

আমি আমার শিশু-_________________________________ ,**কে** -2018**র *শিক্ষার্থী-শুমারি*-তে অংশগ্রহণ করতে দিতে চাই <u>না</u>।**
(শিক্ষার্থীর নাম লিখুন)

বাবা-মা/অভিভাবকের নাম: _________________________ **স্বাক্ষর**:_________________________________

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

-Peel District School Boardএর *শিক্ষার্থী-শুমারি-র উদ্দেশ্য কী?*

এই শুমারি থেকে প্রাপ্ত তথ্যগুলি আমাদের বোর্ড এবং আমাদের বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত বিষয়গুলিতে সাহায্য করবে:

- শিক্ষার্থী-সংখ্যা ও বিদ্যালয় জনসমাজ সম্পর্কে আরো ভালোভাবে জানতে
- শিক্ষার্থীদের সাফল্য ,অন্তর্ভুক্তি ও কল্যাণ ইত্যাদির অন্তরায়গুলিকে চিহ্নিত ও নির্মূল করতে
- কার্যকরী কর্মসূচি প্রতিষ্ঠিত করতে এবং সংস্থানসমূহকে সেই সেই স্থানে পুনঃবন্টিত করতে যেখানে সেগুলি সবচেয়ে বেশি করে জরুরি

শিক্ষার্থী-শুমারি-তে কী ধরনের প্রশ্ন রাখা হয়েছে?

শিক্ষার্থী-শুমারি আনুমানিক 30টি একাধিক উত্তরযুক্ত প্রশ্ন নিয়ে তৈরি ,যা শিক্ষার্থীদের পরিচিতি ,পরিবারের বৈশিষ্ট্যাবলী , বিদ্যালয়ের অভিজ্ঞতা এবং শিক্ষার্থীদের কল্যাণ প্রসঙ্গে করা হয়েছে।

শুমারির প্রতিটি প্রশ্নের উত্তর কি আমার শিশুকে দিতেই হবে?

শিক্ষার্থী-শুমারি সম্পূর্ণরূপে স্বেচ্ছাধীন বিষয়। শিক্ষার্থী বা বাবা-মা/অভিভাবকেরা যদি কোন প্রশ্নের উত্তর না দিতে চান তাহলে তারা সেটি এড়িয়ে চলে যেতে পারেন অথবা এতে একেবারেই অংশগ্রহণ না করতেও চাইতে পারেন।তবে এটি মনে রাখা জরুরি যে ,পূরণের হার যত বেশি হবে বিদ্যালয়গুলির উন্নতিতে ও কর্মসূচি পরিকল্পনার ক্ষেত্রে তথ্যগুলি ততই বেশি সমৃদ্ধশালী ও নির্ভরযোগ্য হবে।

আমার শিশুর অংশগ্রহণের আগে আমি কি *শিক্ষার্থী-শুমারি*-র একটি প্রতিলিপি দেখতে পারি?

শুমারির একটি প্রতিলিপি নিম্নোক্ত লিঙ্ক থেকে পাওয়া যেতে পারে www.peelschools.org/studentcensus

আমার শিশুর দেওয়া উত্তরগুলিকে কিভাবে গোপন রাখা হবে ?

শুমারিটি যখন শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে ,সেটিতে শিক্ষার্থীদের নামের একটি সন্নিবেশ থাকবে। এই একটি পাতাতেই শিক্ষার্থীর পরিচয় থাকবে। শিক্ষার্থীদেরকে তাদের উত্তর জমা দেবার আগে এই সন্নিবেশটি খুলে নিতে নির্দেশ দেওয়া হবে। সম্পূর্ণ করা প্রশ্নমালাটিতে শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে শনাক্ত করতে পারে এমন কোন তথ্য থাকবে না এবং শিক্ষার্থীরা তাদের উত্তরপত্রগুলিকে একটি খামে ভরে সীল করে দেবে। কোন প্রশ্ন সম্পর্কে শিক্ষার্থীদের কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে তাদের সাহায্যের জন্য শিক্ষক/শিক্ষিকা উপস্থিত থাকবেন ,কিন্তু শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষার জন্য তাঁরা শিক্ষার্থীদের দেওয়া কোন প্রশ্নের উত্তর দেখতে পারবেন না।

সম্পূর্ণ করা প্রশ্নমালাটি—শনাক্তকারী কোন তথ্য)যেমন নাম বা শিক্ষার্থীর নম্বর (ব্যতিরেকে—শিক্ষার্থীরা একটি খামে ভরে সীল করে দেবে এবং সেগুলিকে তাদের বিদ্যালয় কর্তৃপক্ষ একটি নিরাপদ ,বহিঃস্থ কোম্পানির কাছে পাঠিয়ে দেবে যাদের সঙ্গে উত্তরগুলিকে স্ক্যান করা ও প্রক্রিয়াকরণ করার ব্যাপারে Peelবোর্ডের চুক্তি রয়েছে। এই সমস্ত গোপনীয় ডেটাবেস নিয়ে ,শুধু বিশ্লেষণ ও গবেষণার উদ্দেশ্যে Peel ,বোর্ডের কর্মীসদস্যগণ কাজ করবেন। এই সমস্ত ধাপগুলি তথ্যের স্বাধীনতা ও গোপনীয়তা রক্ষা বিষয়ক পৌরনিগম আইন -(MFIPPA)এর অনুবর্তী হয়ে চলবে।

একটি গোপনীয় শুমারি ও একটি বেনামী শুমারির মধ্যে তফাৎ কী?

এই *শিক্ষার্থী-শুমারি* গোপনীয় ,কিন্তু বেনামী নয়। শুমারির প্রশ্নমালাগুলিতে একটি করে অদ্বিতীয় কোডের তকমা লাগানো থাকবে যেগুলি প্রতিটি শিক্ষার্থীর IDনম্বরের সঙ্গে সংযুক্ত। এই অদ্বিতীয় কোড বোর্ডের গবেষণা বিভাগকে আগে সংগৃহীত ডেটা)যেমন ঠিকানা ,বাড়িতে কথা বলার ভাষা ,শ্রেণি ইত্যাদি (ব্যবহার করে বর্তমানে দেওয়া উত্তরগুলিকে বিশ্লেষণে সাহায্য করবে ,যার ফলে Peelশিক্ষার্থীদের সম্পর্কে আরও বিস্তারিত বোধগম্যতা তৈরি করা যাবে। কোন ব্যক্তিগত পরিচিতি—যেমন কোন শিক্ষার্থীর নাম বা তার IDনম্বর—প্রশ্নমালায় থাকবে না ,যে বিষয়ে শিক্ষার্থীদের প্রশ্নমালাটি পূরণ করতে হবে। এটি শিক্ষার্থীদের দ্বারা প্রদত্ত তথ্যগুলিকে গোপন রাখার বিষয়টি নিশ্চিত করে।

শুমারির ডেটা কিভাবে কাজে লাগানো হবে?

উত্তরগুলির প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের কাজ সম্পন্ন হলে Peel ,বোর্ডের গবেষণা বিভাগ ধারাবাহিকভাবে বিবরণী প্রস্তুত করতে থাকবে যা বিদ্যালয়গুলিকে ও বোর্ডকে কর্মসূচি ও শিক্ষাদানের পরিকল্পনা করার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের তথ্য পেতে সাহায্য করবে। সংক্ষেপিত ডেটা জনসমাজের অন্যান্য অংশীদারদেরকে ও সরকারি সংস্থাগুলিকেও দেওয়া হতে পারে ,যা তাদেরকে তাদের জনসমাজগুলির প্রয়োজনীয়তাগুলিকে আরও ভালভাবে পূরণের ক্ষেত্রে তাদের পরিষেবাগুলির উন্নতিতে সাহায্য করবে। ডেটা প্রতিবেদন বা বিশ্লেষণে কখনোই কোন শিক্ষার্থীকে আলাদাভাবে চিহ্নিত করা যাবে না। আইন অনুসারে ,শুমারি সম্পূর্ণ করেছেন এমন কোন শিক্ষার্থী/অভিভাবকের কোন ব্যক্তিগত তথ্য Peelবোর্ড প্রকাশ করতে পারে না।